

বিস্ফোরক পরিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizens Charter) বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী
তারিখ : ২৩ নভেম্বর, ২০২০
সময় : বিকাল ৩.০০ ঘটিকা
স্থান : প্রধান বিস্ফোরকের কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
উপস্থিত সদস্য: পরিশিষ্ট-ক


উপস্থিত সকলতে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব সানজিদা আক্তার, সহকারী বিস্ফোরক পরিদর্শক-৩ জানান যে, বর্তমান প্রবিপ মহোদয় যোগদানের পর সিটিজেন চার্টার এ প্রবিপ সংশ্লিষ্ট বিষয় সংশোধন করা হয়েছে। সিটিজেন চার্টার বিষয়ে ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট মনোনিত করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে মর্মে অবহিত করা হয়। তিনি আরো উল্লেখ করেন যে মন্ত্রিপরিষদ বিভাগের টেমপ্লেট অনুযায়ী সংশোধিত সিটিজেন চার্টার সংশোধন করা হয়েছে। সিটিজেন চার্টার এ প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করে ওয়েবসাইটে পুনরায় প্রকাশ করা হয়েছে। সবিপ-৩ আরো জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) কর্মপরিকল্পনায় আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের ১.৪ এ সেবা প্রদান প্রতিশ্রুতির বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণের লক্ষ্যে ০৪টি অবহিতকরণ সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী সভাগুলো আয়োজন করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। সভাপতি সিটিজেন চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা যথাসময়ে প্রদানের জন্য উপস্থিত সকলকে আরও তৎপর হওয়ায় এবং দপ্তর/সংস্থায় সিটিজেন চার্টার হালনাগাদ করে সে অনুযায়ী যথাসময়ে সেবা প্রদান করার নির্দেশনা প্রদান করেন।

উপস্থিত সেবা গ্রহীতাদের সিটিজেন চার্টারের উল্লেখিত সেবা প্রদান সময় সম্পর্কে অবহিত করা হয়। সেবা গ্রহীতাদের সেবা গ্রহণের ক্ষেত্রে ওয়েবসাইট থেকে সিটিজেন চার্টার দেখার বিষয়ে জানানো হয়। অফিস প্রাঙ্গণে সিটিজেন চার্টার প্রদর্শন করা হয়েছে যার মাধ্যমে সেবা গ্রহীতারা সেবা সম্পর্কে জানতে পারবেন মর্মে অবহিত করা হয়।

বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক)	সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করতে হবে;
(খ)	ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট মনোনিত করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;
(গ)	অংশীজনদের বা সেবা গ্রহীতাদের অবহিতকরণের লক্ষ্যে ০৪টি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে;
(ঘ)	সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদ করতে হবে;

২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী)
প্রধান বিস্ফোরক পরিদর্শক (অ. দা.)
টেলিফোন: ৯৩৪৫২৫৮
ই-মেইল: dhaka@explosives.gov.bd